দৈনিক ইত্তেফাক ৫৬

তারিখ JAN. 14 1999
পৃষ্ঠা ৪ কলাম ৪

## সত্বর ফল প্রকাশের আবেদন

আমরা কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ১৯৯৮ সালে দূর শিক্ষণে কৃষি ডিপ্লোমা মেকআপ কোর্সের চূড়ান্ত পরীক্ষা ২৬/৪/৯৮ তারিখে শুরু করিয়া ১০/০৫/৯৮ তারিখে সম্পন্ন করি। ইতিমধ্যে আংশিক ফলাফলও প্রকাশ করা হইয়াছে। কিন্তু দুঃখজনক হইলেও সত্য যে, এখন পর্যন্ত সম্পূর্ণ ফলাফল প্রকাশের কোন লক্ষণ দেখা যাইতেছে না। উপরন্তু সংশ্লিষ্ট এক উর্ধ্বতন কর্মকর্তার নিকট জানিলাম যে, ঐ ফল কবে প্রকাশ করা হইবে তাহার কোন নিশ্চয়তা নাই। পরীক্ষার ফলাফল প্রকাশে এত বিলম্বের কারণ আমাদের বোধগম্য নয়। আমাদের নিয়া সংশ্লিষ্ট কর্তৃপক্ষের এই খামখেয়ালীপনার অবসান কবে ঘটিবে,তাহাই প্রশ্ন। যাহা হউক আমরা যাহাতে আমাদের পরীক্ষার ফলাফল শীঘ্রই পাইতে পারি, সে ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ নিতে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট বিনীত আবেদন জানাইতেছি।

**ডি, কৃষিবিদ মোঃ জহির উদ্দীন,**
সাংগঠনিক সম্পাদক,
ডিপ্লোমা কৃষিবিদ সোসাইটি,
ঢাকা অঞ্চল, ঢাকা।